# ইসলাম ও নৈতিক শিক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ১ |

## সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ মানুষের আস্থা ও বিশ্বাস লাভের জন্য জনাব জামিল সাহেব মুখে দাড়ি রেখেছেন এবং লম্বা, পাঞ্জাবি ও টুপি পরিধান করেন। তার মনের ইচ্ছা আগামী বছর চেয়ারম্যান পদে নির্বাচন করবেন। অথচ ঠিকমতো সালাত আদায় করেন না এবং সাওম পালন করেন না। তার অন্যান্য কর্মকাণ্ড ও প্রতারণামূলক কর্ম হিসেবে প্রকাশ পায়।

ক. শিরক শব্দের অর্থ কী? ১

খ. আখিরাতের বিশ্বাস মানুষকে সৎকাজের উদ্বুদ্ধ করে, বুঝিয়ে লেখ। ২

গ. জামিল সাহেবের কর্মকাণ্ডে কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জামিল সাহেবের কর্মকাণ্ডের পরিণাম অতি ভয়াবহ"- বিশ্লেষণ কর। ৪

২.▶ ইফতি ও সজিব দুই সহপাঠী। প্রসজ্ঞাক্রমে ইফতি বলল, মানুষকে সৎপথ দেখানোর জন্য নবি-রাসুল এসেছেন। তাই আমি মনে করি, যেহেতু কিয়ামত পর্যন্ত মানুষের আগমন ঘটবে, সেহেতু নবি-রাসুলের প্রয়োজনীয়তা এখনও রয়েছে। একথা শুনে সজীব ইফতিকে বলল, আমি তোমার সাথে একমত নই। স্বয়ং রাসুল (স) বলেছেন, আমিই শেষ নবি। আমার পরে কোনো নবি নেই।

ক. ইয়াওমুল বা'আছ অর্থ কী? ১

খ. রিসালাত কেন প্রয়োজন? বুঝিয়ে লেখ। ২

গ. ইফতির উক্তিটিতে কোনটিকে অস্বীকার করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সজিবের উক্তির সাথে তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৩.▶ সালাম সাহেব একজন পরহেজগার ব্যক্তি। তার এক প্রতিবেশী সড়ক দুর্ঘটনায় স্ত্রীসহ মারা যান। তার দু'টি পিতৃহীন সন্তানকে তিনি নিজ দায়িত্বে লেখাপড়া করান এবং তাদের বাবার সম্পদের সঠিক রক্ষণাবেক্ষণ করেন। তার স্নেহে সন্তান দু'টি মাতাপিতা হারানোর শোক ভুলে যায়। যদিও তার বড় ভাই কালাম সাহেব এ কাজের সম্পূর্ণ বিরোধিতা করেন।

ক. وجد (ওজাদা) শব্দের অর্থ কী? ১

খ. সহিহভাবে কুরআন পাঠ করা আবশ্যক কেন? ২

গ. সূরা আদ-দুহার কোন শিক্ষার অভাবে কালাম সাহেব এরূপ কাজ করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সালাম সাহেব কি তার কাজের মাধ্যমে আল্লাহর নির্দেশ পালন করেছেন? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪.▶ সৌরভ একটি আলোচনা সভায় এক বক্তাকে বলতে শুনল যে, মানবজীবনে ইহকালীন ও পরকালীন কল্যাণের জন্য শুধু কুরআন জানা ও মানা আবশ্যক। হাদিসের অনুসরণ প্রয়োজন নেই। বক্তব্য শুনে সে দ্বিধাদ্বন্দ্বে পড়ে স্থানীয় এক ইমাম সাহেবকে বললে তিনি সূরা আল-হাশরের ৭নং আয়াতখানা পাঠ করে এর অর্থ ও ব্যাখ্যা শুনিয়ে দেন। অর্থ 'রাসুল তোমাদের যা প্রদান করেন তা তোমরা গ্রহণ কর। আর যা নিষেধ করেন তা থেকে বিরত থাক।'

ক. শরিয়তের তৃতীয় উৎস কী? ১

খ. কিয়াসের গুরুত্ব ব্যাখ্যা কর। ২

গ. আলোচনা সভার বক্তার বক্তব্যটি ইসলামের দৃষ্টিতে কীরূপ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইমাম সাহেবের বক্তব্যের যথার্থতা পবিত্র কুরআন ও হাদিসের আলোকে প্রমাণ কর। ৪

http://teachingbd.com

৫.▶ হাসান সাহেব মাগরিবের সালাত জামাআতে আদায়ের সময় মোবাইল ফোন বন্ধ করতে ভুলে যান। সালাতের মাঝে ফোনটি বেজে ওঠে। সালাত নষ্ট হওয়ার কথা ভেবে তিনি মোবাইল ফোনটি বন্ধ না করায় সেটি পরপর বাজতে থাকে। সালাম ফিরানোর পর ইমাম সাহেব বলেন, সালাতের পূর্বে কেহ যদি মোবাইল ফোন বন্ধ করতে ভুলে যান এবং ফোনটি যদি বেজে উঠে তাহলে চুপিসারে এক হাতে ফোনটি বন্ধ করে দেবেন। বর্তমানে বিজ্ঞ আলেমগণ এ ব্যাপারে একমত পোষণ করেন।

ক. আল কুরআন সর্বপ্রথম কীসের মাধ্যমে সংরক্ষণ করা হয়? ১

খ. কুরআনের বিধি-বিধান সুস্পষ্টরূপে অনুসরণের জন্য হাদিস অত্যন্ত প্রয়োজনীয় কেন? ২

গ. ইমাম সাহেবের বক্তব্য ইসলামি শরিয়তের কোন উৎসের প্রতি ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত মাসআলাটি প্রমাণ করে যে, ইসলাম একটি গতিশীল জীবন ব্যবস্থা"– বিশ্লেষণ কর। ৪

৬.▶ বাংলাদেশি অর্থনীতিবিদ শিমুল বিশ্বাস একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশে পাঁচ বছর চাকরি করেছিলেন। সে দেশে তিনি লক্ষ করেছিলেন তার কয়েকজন বন্ধু প্রচুর ধন-সম্পদের মালিক হওয়া সত্ত্বেও দরিদ্রদের কোনো অর্থ প্রদান করে না। তিনি একদিন তার এক বন্ধুকে বললেন, শারীরিক ইবাদতের মতো আর্থিক একটি ইবাদতও তোমার উপর ফরজ। এই আর্থিক ইবাদত অস্বীকারকারীদের বিরুদ্ধে একদা ইসলামের প্রথম খলিফা যুদ্ধ ঘোষণা করেছিলেন। যদি তুমি প্রকৃত মুসলমান হিসেবে নিজেকে দাবি কর তবে অবশ্যই তোমাকে এই আর্থিক ইবাদত পালন করতে হবে।

ক. ইলম কয় ভাগে বিভক্ত? ১

খ. 'সাওম আমারই জন্য'– এ কথা কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকে আর্থিক ইবাদত বলতে কোনটিকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ইবাদত পালন না করার পরিণাম বিশ্লেষণ কর। ৪

৭.▶ জালাল সাহেব অত্যন্ত ব্যস্ত মানুষ। সারাদিন তিনি বিভিন্ন কাজে মগ্ন থাকেন। তা সত্ত্বেও যখনই সালাতের সময় হয়, তিনি জামাআতের সাথে সালাত আদায় করেন। কারণ সালাত হলো ইসলামের সবচেয়ে গুরুত্বপূর্ণ ইবাদত। কুরআন মজিদে আল্লাহ তায়ালা অসংখ্য বার সালাত আদায়ের আদেশ দিয়েছেন। রাসুলুল্লাহ (স) বলেছেন, 'সালাত হলো জান্নাতের চাবি।'

ক. হজ কাদের ওপর ফরজ? ১

খ. সালাতকে আনুগত্য প্রকাশের সর্বশ্রেষ্ঠ পন্থা বলা হয় কেন? ২

গ. জালাল সাহেবের সালাত আদায়ের বিষয়টি শরিয়তের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. জালাল সাহেবের আদায়কৃত সালাতের ধর্মীয় ও সামাজিক তাৎপর্য পর্যালোচনা কর। ৪

৮.▶ জনাব রফিক ও জনাব শফিক দুই ব্যবসায়ী। রফিক বেশি লাভের আশায় পণ্যসামগ্রী গুদামজাত করে বাজারে কৃত্রিম সংকট সৃষ্টি করেন। তার বিরুদ্ধে জাল মুদ্রা চালিয়ে দেওয়া, অন্যের হক নষ্ট করা এবং মিথ্যা সাক্ষ্য দেওয়ারও অভিযোগ রয়েছে। অন্যদিকে জনাব শফিক কথাবার্তা, কাজকর্ম ও আচার-আচরণে সততা অবলম্বন করেন।

Teachingbd.com

ক. সুদ এর আরবি প্রতিশব্দ কী? ১
খ. আমানত রক্ষা করতে হবে কেন? ২
গ. জনাব রফিকের মধ্যে আখলাকে যামিমার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. জনাব শফিকের এরূপ কাজের প্রভাব ও সুফল বিশ্লেষণ কর। ৪

৯. ▶ কুতুবপুর গ্রামের আয়েশা বেগমের নামটি প্রায় গ্রামের সকল মানুষের মুখে মুখেই থাকে। গ্রামের সকল পরিবারেরই যেন সদস্য আয়েশা বেগম। নিজের সাংসারিক কাজকর্ম সেরে তিনি গ্রামের সবার খোঁজ-খবর নিতে বের হন। একদিন গ্রামের মুন্সী বাড়ির রহিম-মিয়ার ছোট মেয়েটির ভীষণ জ্বর ওঠে। সে সময় রহিমের পরিবারের বাকি সদস্যরা এক আত্মীয়ের বাসায় বেড়াতে যায়। এ খবর শুনে তিনি ছুটে যান এবং নিজের মেয়ের মতো করে মেয়েটির মাথায় পানি দেন এবং নানা সেবাযত্ন করার পর ডাক্তারের কাছে নিয়ে গিয়ে নিজের টাকায় ওষুধ কিনে দেন।

ক. ভ্রাতৃত্ববোধ কী? ১
খ. তাকওয়ার স্বরূপ ব্যাখ্যা কর। ২
গ. আয়েশা বেগমের কর্মকাণ্ডে তোমার পঠিত কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত কর্মকাণ্ড উন্নত চরিত্রের পরিচায়ক—মতামত দাও। ৪

১০. ▶ সুজন সাহাবিদের জীবনী পড়তে খুবই পছন্দ করে। সে বর্তমানে যে সাহাবির জীবনী পড়ছে তিনি বয়স্কদের মধ্যে সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। সুখে-দুঃখে, আপদে-বিপদে সর্বদা তিনি মহানবি (স)-এর সাথে ছিলেন। এক যুদ্ধের সময় তিনি তাঁর সমুদয় সম্পত্তি আল্লাহর রাস্তায় ব্যয় করেছিলেন। তাঁর শাসন সর্বকালের শাসকদের জন্য আদর্শ হিসেবে বিবেচিত। তিনি রাসুল (স)-এর মুখে মিরাজের ঘটনা শোনামাত্র নিঃসন্দেহে তা বিশ্বাস করেছিলেন, তাই তাকে বিশ্বাসী উপাধি দেয়া হয়েছিল।

ক. উমর খৈয়াম কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন? ১
খ. ইমাম আবু হানিফা (র) কীভাবে মৃত্যুবরণ করেন? ২
গ. সুজন কোন সাহাবির জীবনী পড়ছিল পাঠ্যপুস্তকের আলোকে তার পরিচয় ও শাসনের ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের সাহাবিই পবিত্র কুরআনকে সর্বপ্রথম একত্র করে গ্রন্থাকারে প্রকাশ করেছিলেন - মতামত দাও। ৪

১১. ▶ পরিষদ চেয়ারম্যান। দায়িত্বপ্রাপ্তির পর থেকে তিনি সরকারি সাহায্য যথাযথভাবে বিতরণের জন্য গভীর রাতে ঘুরে ঘুরে তালিকা তৈরি করেন। বিচার-সালিশের ব্যাপারেও তিনি আপন-পর না দেখে ন্যায়বিচার প্রতিষ্ঠায় সচেষ্ট থাকেন।

ক. মদপানের অপরাধে কোন খলিফা স্বীয় পুত্রকে কঠোর শাস্তি দিয়েছেন? ১
খ. হযরত উমর (রা)-এর 'ফারুক' উপাধি প্রাপ্তির কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ইসলামের ইতিহাসের কোন মনীষীর প্রতি ইঙ্গিত করা হয়েছে? নিরূপণ কর। ৩
ঘ. চেয়ারম্যানের কর্মকাণ্ড ইসলামের দৃষ্টিতে মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান— ৩০    বিষয় কোড : | ১ | ১ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'রিসালাত' শব্দের অর্থ কী?**
ক পত্র প্রেরক    খ চিঠি পৌছানো
গ দূত প্রেরণ    ঘ দূত পৌছানো

২. **নবি-রাসুলগণের দীনের মৌলিক কাঠামো কী ছিল?**
ক রিসালাতের বার্তা    খ আখিরাতের জীবন
গ তাওহিদের প্রচার    ঘ কবরের আযাব

৩. **খতমে নবুয়তের অর্থ কী?**
ক নবুয়তের ধারা    খ নবুয়তের শুরু
গ নবুয়তের সমাপ্তি    ঘ নবুয়ত প্রাপ্তি

৪. **রিসালাতের চেতনায় মানুষ কীরূপ জীবনযাপনে উৎসাহিত হয়?**
ক সৎ ও সুন্দর    খ বিলাসবহুল
গ চাকচিক্যময়    ঘ আড়ম্বরপূর্ণ

৫. **মানবতার মহান শিক্ষক ছিলেন কে?**
ক হযরত মুহাম্মদ (স)
খ হযরত আদম (আ)
গ হযরত জিবরাইল (আ)
ঘ হযরত মুসা (আ)

৬. **ছোট আসমানি কিতাবকে কী বলা হয়?**
ক কিতাব    খ সহিফা
গ পুস্তক    ঘ গ্রন্থ

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
শাকিরাকে তার মা এমন বাক্যের যিকির করতে বললেন যে বাক্য আল্লাহর কাছে খুবই প্রিয়। এ বাক্য দুটো উচ্চারণ করা অত্যন্ত সহজ এবং কিয়ামতের দিন এ বাক্য দুটো মিযানের পাল্লায় নেকির ওজনকে ভারী করে তুলবে।

৭. **শাকিরাকে তার মা কোন বাক্যের যিকির করতে বললেন?**
ক সুবহানাল্লাহি ওয়া বিহামদিহি, সুবহানাল্লাহিল আযিম
খ লা ইলাহা ইল্লাল্লাহু, আল্লাহুআকবর
গ সুবহানাল্লাহি ওয়ালহামদুলিল্লাহি
ঘ লা ইলাহা ইল্লাল্লাহ

৮. **উক্ত বাক্যের যিকির করার ফলে—**
i. আল্লাহ শাকিরার ওপর সন্তুষ্ট হবেন
ii. আল্লাহ অধিক পরিমাণে প্রতিদান দেবেন
iii. আল্লাহ সর্বোৎকৃষ্ট মানুষের মর্যাদা দিবেন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

৯. **কিয়াসের পদ্ধতি ও আইন কীসের পরিসীমার মধ্যে থাকতে হবে?**
ক মানুষের জ্ঞানের    খ আইনের ধারার
গ সামাজিক বলয়ের    ঘ দেশীয় ঐতিহ্যের

১০. **শরিয়তের দৃষ্টিতে আযান দেয়া কী?**
ক ওয়াজিব    খ সুন্নতে মুয়াক্কাদাহ
গ সুন্নতে যায়িদাহ    ঘ মুস্তাহাব

১১. **'সুন্নতে যায়িদাহ' এর অর্থ কী?**
ক সুন্নতে কিফায়া    খ সুন্নতে মুআক্কাদাহ
গ অতিরিক্ত সুন্নত    ঘ অতিরিক্ত বিধান

১২. **বাইতুল্লাহ বলতে কী বোঝায়?**
ক আল্লাহর ঘর    খ মসজিদ
গ মিনার    ঘ কুরবানি

১৩. **'লাব্বাইক আল্লাহুম্মা লাব্বাইক'- এর অর্থ কী?**
ক আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই
খ মহানবি (স) আল্লাহর রাসুল
গ হাজির হে আল্লাহ, আমরা তোমার দরবারে হাজির
ঘ হে আল্লাহ! আমরা তোমারই অনুগত

১৪. **হজ মানুষকে শিক্ষা দেয়—**
i. পারস্পরিক সম্প্রীতি
ii. শৃঙ্খলাবোধ
iii. পরোপকারিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii    খ i ও iii
গ ii ও iii    ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব তাসবীর শ্যামলপুর উচ্চবিদ্যালয়ের শিক্ষক। শিক্ষকতা পেশাকে তিনি ভালোভাবেই গ্রহণ করেছেন। কিন্তু কিছু শিক্ষার্থী আছে যারা তার পাঠ বোঝে না এবং পরীক্ষায় ভালো ফলও করে না। আবার কিছু শিক্ষার্থী উত্তম আদর্শ ছেড়ে অন্যায়ের পথে পা বাড়িয়েছে।

১৫. **অন্যায়ের ক্ষেত্রে পা বাড়ানো ছাত্রদের ব্যাপারে তাসবীর কেমন হবেন?**
ক মমত্ববোধসম্পন্ন    খ আপসহীন
গ ভীরু    ঘ উদার

http://teachingbd.com

১৬. যেসব শিক্ষার্থী পাঠ বোঝে না তাদের ক্ষেত্রে জনাব তাসবীরের করণীয়—

i. একটি বিষয় বার বার বলবেন
ii. স্নেহ ও মমতা দিয়ে পাঠদান করবেন
iii. কঠোর শাসন করবেন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. ইসলামি শিক্ষার দ্বিতীয় উৎস কোনটি?

(ক) কুরআন (খ) হাদিস
(গ) ইজমা (ঘ) কিয়াস

১৮. জনাব রেদওয়ান এমন স্বভাবের অধিকারী যা সমাজে প্রশংসনীয় এবং আল্লাহর কাছে প্রিয়। তার স্বভাবকে কী বলা যায়?

(ক) আখলাকে হামিদাহ (খ) আখলাকে যামিমাহ
(গ) তাকওয়া (ঘ) আমানতদারিতা

১৯. 'তোমাদের মধ্যে উত্তম ঐ সকল ব্যক্তি, যারা তোমাদের মধ্যে চরিত্র বিচারে সুন্দরতম'—বাণীটি কার?

(ক) আল্লাহর
(খ) মহানবি (স)-এর
(গ) ইমাম বুখারি (র)-এর
(ঘ) জিবরাইল (আ)-এর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

সাব্বির সর্বদা যিকিরে মশগুল থাকে। সে করিমকে বলে, যিকিরের ফলে মানুষের অন্তর পবিত্র হয়। তুমি যিকিরে মশগুল থাক।

২০. সাব্বিরের পরামর্শকৃত ইবাদত কীসের জন্য করা হয়?

(ক) সাওয়াবের
(খ) নিয়মের অনুসরণের
(গ) ভালো হওয়ার
(ঘ) মহানবি (স)-এর নির্দেশ পালনের

২১. এর ফলে সাব্বিরের যেসব পরিবর্তন দেখা যাবে?

i. আত্মশুদ্ধ হবে ii. সৎমানুষ হবে
iii. আল্লাহর প্রিয় বান্দা হবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. ইশমাম সর্বদা আল্লাহ তায়ালাকে স্মরণ করে। তাকে কী বলা যায়?

(ক) মুজাহিদ (খ) আবিদ
(গ) জ্ঞানী (ঘ) মুত্তাকি

২৩. যুব শক্তিকে ধ্বংসের মোক্ষম হাতিয়ার কী?

(ক) মাদকাসক্তি (খ) কালোবাজারি
(গ) খিয়ানত (ঘ) অপচয়

২৪. কুতুবে হানাফিয়াতে কত হাজার মাসআলা ও সমাধান লিপিবদ্ধ করা হয়েছে?

(ক) ৮২ (খ) ৮৩
(গ) ৮৪ (ঘ) ৮৫

২৫. ইমাম আবু হানিফা (র) মোট কতবার হজ করেছেন?

(ক) ৫২ (খ) ৫৩
(গ) ৫৪ (ঘ) ৫৫

২৬. ইমাম গাযালি ছিলেন—

i. মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ দার্শনিক
ii. মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ চিকিৎসাবিদ
iii. মুসলিম বিশ্বের শ্রেষ্ঠ ইসলামি চিন্তাবিদ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭. লোহার মরিচারোধক বার্নিশ প্রস্তুতের প্রণালি বর্ণনা করেন কে?

(ক) ইবনে রুশদ
(খ) জাবির ইবনে হাইয়ান
(গ) আল কিন্দি
(ঘ) ইবনে খালদুন

২৮. রসায়ন শাস্ত্রে অবদান রাখেন—

i. ইবনে সিনা
ii. আল কিন্দি
iii. জুননুন মিসরি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. মানচিত্রের প্রয়োজন দেখা দেওয়ার কারণ—

i. গবেষণাগার প্রতিষ্ঠা
ii. অজানাকে জানার আকাঙ্ক্ষা
iii. বিস্তৃত এলাকার লোকদের কেবলা নির্ধারণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০. কোন গ্রন্থে ঐতিহাসিক ব্যক্তিদের পরিচয় রয়েছে?

(ক) মুজামুল বুলদান
(খ) আল তারিখ জালালী
(গ) সূরত আল আরদ (ঘ) কিতাবুল জিবার

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | গ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ক |

http://teachingbd.com